**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 15 Sep. 26** **TIME: 7:35 AM**

---

রাজ্যের প্রশাসনিক ব্যাবস্থাকে আরো জনমূখী ও ফলপ্রসূ করা সহ তৃণমূল পর্যায়ে জনসেবা অধিক উন্নত করার বিভিন্ন দিক নিয়ে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে যোরহাটে দুদিনব্যাপী অনুষ্ঠিত জেলা আয়ুক্তদের সম্মেলন গতকাল শেষ হয়েছে । সেইসঙ্গে রাজ্যের বিভিন্ন জেলার সম উন্নয়ন, প্রশাসনিক বিষয় সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ন বিষয়েও আলোচনা করা হয় । এই সম্মেলনের বিভিন্ন কার্যসূচীতে মন্ত্রী অতুল বরা ,অজন্ত নেওগ , ডা:রণোজ পেগু ও রামেশ্বর তেলী সহ বেশকয়েকজন মন্ত্রী অংশগ্রহণ করেন ।

.................................................................................................

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ সিদ্ধিদাতা গণেশ পূজার আয়োজন করা হয়েছে । গণেশ চতুর্থী উপলক্ষ্যে আজ গণেশ মন্দির এবং সার্বজনিন পূজো প্যান্ডলগুলিতে সকাল থেকে ভক্তপ্রাণ জনসাধারণের ভীড় পরিলক্ষিত হচ্ছে । এই দিনটি ভগবান গণেশের জন্মদিন হিসেবে পালন করা হয় ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গণেশ চতুর্থী উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রীমোদী এই পবিত্র উৎসব প্রত্যেকের জীবনে নতুন শক্তি ও উদ্দীপনা জাগিয়ে তোলবে বলে আশা প্রকাশ  করেন ।

স্বচ্ছতা হী সেবা --২০২৬ অভিযানকে সফল করে তুলতে গতকাল হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রুথ লিয়েনথাংয়ের পৌরহিত্যে আয়োজিত সভায় এই অভিযান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে  প্রস্তুতি, কর্ম পরিকল্পনা  এবং বিভিন্ন বিভাগের  দায়িত্ব নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয় ।  সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রুথ লিয়েনথাং সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের
স্বচ্ছতা হী সেবা --২০২৬ অভিযানের কার্যসূচী যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশ দেন । এছাড়া সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে অভিযানের উদ্দেশ্য সফল করার জন্য সকলকে আন্তরিভাবে কাজ করার আহ্বান জানান ।

শিলচর পৌরনিগম নির্বাচনের জন্য দাখিল করা মনোনয়ন পত্রগুলি গতকাল পরীক্ষা করা হয় । শিলচর সরকারী উচ্চতর মাধ্যমিক বালক

বিদ্যালয়ে  ৪২ টি ওয়ার্ডের মনোনয়ন পত্র পরীক্ষা করা হয়েছে । মোট ১৬২ টি মনোনয়ন পত্রের মধ্যে ১৫১ টি মনোনয়ন পত্র বৈধ বলে ঘোষনা করা হয়েছে । মনোনয়ন পত্র পরীক্ষার তত্বাবধানে ছিলেন পর্যবেক্ষক রঞ্জিত স্বর্গিয়ারী , এলদাদ লালথাকুম ফাইরিয়েম , দীপক জিড়ুং এবং ডঃ খালেদা সুলতানা আহমেদ । উল্লেখ্য আগামী ১৭ ই সেপ্টেম্বর মনোনয়য়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ধার্য্য করা হয়েছে ।

..............................................................................................

উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ গতকাল শ্রীভূমি পৌরসভার সদস্য হিসেবে শপথ গ্রহন করেছেন । শ্রীভূমি পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব বিধায়ক শ্রীআহমেদকে শপথ বাক্য পাঠ করান । শপথ গ্রহনের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে বিধায়ক জাকারিয়া আহমেদ শহরের উন্নয়নে এক সঙ্গে কাজ করার অঙ্গীকার করেন ।

..............................................................................................

কাছাড় পুলিশ গতকাল দিগরখাল চেকপোষ্টে নিয়মিত তল্লাশি চালানোর সময় ৬৯ বস্তা পোস্তদানা বাজেয়াপ্ত করেছে । পুলিশ সুত্রে জানা গেছে পোস্তদানাগুলি তেজপাতার বস্তার ভিতরে লুকানো ছিল । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ গোয়ালপাড়ার বাসিন্দা বিপুল বড়ো এবং অরুন বড়োকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

..............................................................................................

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার বিদ্যালয়গুলির জন্য প্রধানমন্ত্রী পোষন (মধ্যাহ্ন ভোজন ) এর  সেপ্টেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে সেপ্টেম্বর

মাসের জন্য ২১ দিনের চাল বরাদ্দ করা হয়েছে । এই বরাদ্দ প্রাথমিক , উচ্চ প্রাথমিক এবং বাল বাটিকার জন্য বরাদ্দ করা হয়েছে ।

................................................................................................

শিলচর রাধামাধব কলেজের এন সি সি ক্যাডেটদের র্যাঙ্ক প্রদান ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান গতকাল কলেজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে । এন সি সি-র বিভিন্ন কার্যক্রমে এক বছর ধরে ক্যাডেটদের নিষ্ঠা , শৃংখলা ও সময়ানুবর্তিতার স্বীকৃতি হিসেবে বিভিন্ন র্যাঙ্ক প্রদান করা হয়েছে । আজকের অনুষ্ঠানে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

................................................................................................